

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নং-০৪/২০২২

তারিখ : ২৭.১০.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক
প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সহকারী মহাব্যবস্থাপক (উপ-মহাব্যবস্থাপকের দায়িত্ব)
ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম (এসইসিপি) কর্তৃক বিতরণকৃত ও আদায়কৃত ঋণের এসইসিপির অংশের আসল ও সুদ হিসাবায়নের দিনেই রাকাব এলপিও-তে প্রেরণ এবং এ সংক্রান্ত Remote Transaction চার্জ ফ্রি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম (এসইসিপি) সংশ্লিষ্ট রাকাব শাখাসমূহে এসইসিপি কর্তৃক ঋণ বিতরণ, ঋণ আদায় ও সুদ আয় হিসাবায়নের লক্ষ্যে মোট ০৪টি হিসাব খাত ও উপ-খাত খোলা আছে। এসইসিপি সংশ্লিষ্ট রাকাব শাখাসমূহ সপ্তাহ শেষে তাদের মোট বিতরণ ও আদায়ের ক্ষেত্রে এসইসিপি'র নির্দিষ্ট অংশের সমপরিমাণ টাকার জন্য এলপিও-এর উপর ডেবিট ও ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে থাকে।

০২। প্রতিবছর রাকাব-এসইসিপি সংশ্লিষ্ট শাখাসমূহের ঋণ বিতরণ ও আদায় বৃদ্ধি পাওয়ায় এলপিও-এর উপর এ্যাডভাইস ইস্যুর সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে প্রতিমাসে বিভিন্ন শাখা থেকে প্রায় দুই শতাধিক এ্যাডভাইস একযোগে আসলে CBS এ Day Close করা যায় না। উদ্ভূত পরিস্থিতি নিরসনে বিভিন্ন শাখা হতে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের অর্থ রাকাব এলপিও-তে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট শাখা থেকে এ্যাডভাইস ইস্যু না করে Online Remote Transaction করা যেতে পারে। সেক্ষেত্রে একই দিনে রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম কর্তৃক বিতরণকৃত ও আদায়কৃত ঋণের আসল ও সুদ এলপিও-তে প্রেরণ করা যাবে। উল্লেখ্য, Online Remote Transaction করার জন্য চার্জ কর্তনের বিধান রয়েছে। এক্ষেত্রে চার্জ কর্তন করা হলে ঋণ বিতরণ ও আদায় হিসাবায়নের জটিলতার সৃষ্টি হবে বিধায় ব্যাংক ব্যবস্থাপনার নিকট এসইসিপি কর্তৃক চার্জবিহীন Online Remote Transaction এর আবেদন করা হয়।

০৩। গত ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে রাকাব পরিচালনা পর্ষদের ৫৫৩ তম সভায় রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম (এসইসিপি) কর্তৃক বিতরণকৃত ও আদায়কৃত ঋণের এসইসিপির অংশ একই দিনে রাকাব এলপিও-তে রক্ষিত এসএনডি হিসাবে স্থানান্তর এবং Remote Transaction চার্জ ফ্রি করণের বিষয়ে সিদ্ধান্তের জন্য সারসংক্ষেপ উপস্থাপন করা হলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত প্রস্তাবের সাথে একমত পোষণ করে পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:

“রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম (এসইসিপি) কর্তৃক বিতরণকৃত ও আদায়কৃত ঋণের এসইসিপির অংশের আসল ও সুদ হিসাবায়নের দিনেই রাকাব এলপিওতে রক্ষিত তাদের এসটিডি হিসাবে স্থানান্তর এবং এ সংক্রান্ত Remote Transaction চার্জ ফ্রি করণের বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রস্তাব অনুমোদন করা হলো।”

০৪। এমতাবস্থায়, পরিপত্রের বর্ণনানুযায়ী সুষ্ঠুভাবে ব্যাংক পরিচালনা এবং দ্রুত ও যথাযথ হিসাবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন শাখা হতে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের অর্থ রাকাব এলপিওতে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট শাখা থেকে এ্যাডভাইস ইস্যু না করে Online Remote Transaction করার নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত Remote Transaction চার্জ পরিপত্র জারীর তারিখ হতে সম্পূর্ণ ফ্রি করা হলো।


অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মুহাঃ হাফিজুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্ব)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সাকুলার লেটারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শন ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৮। অফিস নথি।


২৭/১০/২০২২

(মোঃ রাশেদুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা